গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।
www.youth.magura.gov.bd

স্মারক নং-৩৪.০১.৫৫০০.০০০.৩৭.১৪১.২৩-৫০৪ তারিখ ঃ ১২/০২/২০২৪খ্রিঃ

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর মাগুরা এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ ও স্থান |
|---|---|---|---|---|
| ০১ | **গবাদি পশু পালন (আবাসিক)**<br>মেয়াদ-১মাস (০১মার্চ হতে ৩১মার্চ, ২০২৪) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৫০ | ১০০/-<br>(জামানত ১০০/- ফেরতযোগ্য) | ৮ম শ্রেণী বা সমমানের পাস | ২৮/০২/২০২৪খ্রিঃ |
| ০২ | **বস্ত্র শিল্প (অনাবাসিক)**<br>মেয়াদ-১মাস (০১মার্চ হতে ৩০মার্চ, ২০২৪) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০ | ১০০/- | ৮ম শ্রেণী বা সমমানের পাস | ২৮/০২/২০২৪খ্রিঃ<br>উপপরিচালকের কার্যালয়,মাগুরা |
| ০৩ | **ওয়েল্ডিং (অনাবাসিক)**<br>মেয়াদ-১মাস (০১ এপ্রিল হতে ৩০ মে, ২০২৪) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২০ | ২০০/- | ৮ম শ্রেণী বা সমমানের পাস | ২৮/০৩/২০২৪খ্রিঃ<br>উপপরিচালকের কার্যালয়,মাগুরা |
| ০৪ | **ফ্রি ল্যান্সিং (অনাবাসিক)**<br>মেয়াদ-১মাস (০২ মে হতে ২জুন, ২০২৪) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ | ৫০০/- | এইচ এস সি বা সমমানের পাস | ২৯/০৪/২০২৪খ্রিঃ<br>উপপরিচালকের কার্যালয়,মাগুরা |
| ০৫ | **বিউটিফিকেশন (অনাবাসিক)**<br>মেয়াদ-১মাস (০২ মে হতে ৩১ মে, ২০২৪) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫ | ১০০/- | ৮ম শ্রেণী বা সমমানের পাস | ২৯/০৪/২০২৪খ্রিঃ<br>উপপরিচালকের কার্যালয়,মাগুরা |

## দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি ঃ

ক) বর্ণিত ক্রমিক ০১ ও ০২নং-ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫ফেব্রুয়ারী, ২০২৪খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০১ মার্চ, ২০২৪খ্রিঃ

খ) বর্ণিত ক্রমিক ০৩নং ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫মার্চ,২০২৪খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০১ এপ্রিল ২০২৪খ্রিঃ।

গ) বর্ণিত ক্রমিক ০৪ ও ০৫ নং ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৫এপ্রিল, ২০২৪খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ০২ মে, ২০২৪খ্রিঃ।

ঘ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য ।

ঙ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

চ) স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

ছ) নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপপরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

জ) দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/জেলা কার্যালয়/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে দাখিল করতে পারবে।

পাতা/২

ঝ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয়তা পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।

ঞ) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

ট) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

ঠ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ড) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no. ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

## প্রশিক্ষণের শর্তাবলী ঃ

ক) ০১ নং ক্রমিকে বর্ণিত কোর্সটি আবাসিক ভাবে পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীগণকে প্রচলিত নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

ঘ) প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

ঙ) প্রশিক্ষণকালীন সময়ে সরকার ঘোষিত সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।

চ) ০২, ০৩, ০৪ ও ০৫ নং ক্রমিকের অনাবাসিক কোর্স সমূহের সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত উপস্থিতির ভিত্তিতে এবং ০১নং ক্রমিকের আবাসিক কোর্সের সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিনসহ প্রশিক্ষণ পরিচালনা ও উপস্থিতির ভিত্তিতে প্রশিক্ষণ ভাতা করা যাবে। যাতায়াত ভাতা ও প্রশিক্ষণ ভাতা প্রদানের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ আবশ্যক।

ছ) সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক (বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে) যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা
* ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, মাগুরা
* উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা

১২/০২/২০২৪খ্রিঃ
(ফরহাত নূর)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।
ফোন নং-০২৪৭৭৭১০৭১৬
e-mail: ddmagura@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.৫৫০০.০০০.৩৮.০০৮.২১-৫০৪

তারিখ ঃ ১২/০২/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মাগুরা।
০৩। জেলা.............................................................কর্মকর্তা, মাগুরা।
০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, মাগুরা।
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭। জনাব এস,এম মুজিবুর রহমান, সদস্য, জাতীয় যুব কাউন্সিল, মাগুরা।
০৮। অফিস কপি/নোটিশ বোর্ড

( মোঃ [illegible] রহমান )
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুরা।